

দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
ঢাকা

নং দুদক/১৪-২০১৫/বিবিধ/সংস্থাপন/

২৪৫৫৬

তারিখ: ০২/৮/১৭

সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্নীতি দমন কমিশনের ২৯/০৫/২০১৭ তারিখের দুদক/১৪-২০১৫/বিবিধ/সংস্থাপন/১৭১৫৯ নং স্মারকমূলে গাড়ীচালকের শূন্য পদে নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি কতিপয় শর্ত সংশোধনপূর্বক নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের জন্য বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ পদের পার্শ্বে উল্লিখিত বেতনক্রমে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে পুনরায় দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম ও বেতনক্রম	শূন্য পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা
১.	গাড়ীচালক জাতীয় বেতনক্রম: ৳ ৯,৩০০-২২৪৯০ (শ্রেণি-১৬)	১০	-ঐ-	কোন স্বীকৃত বোর্ড হতে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ মাধ্যমিক স্কুল বা সমমানের সার্টিফিকেটসহ হালকা এবং ভারী গাড়ী চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।

আবেদনকারীগণের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলী (আংশিক)

- ১। আবেদনকারীকে নির্ধারিত ছকে আবেদন করতে হবে এবং প্রদত্ত প্রবেশপত্রের নমুনা যথাযথভাবে পূরণপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনকারীগণের জন্য প্রযোজ্য/অনুসরণীয় পূর্ণাঙ্গ শর্তাবলী, আবেদনপত্রের ছক এবং প্রবেশপত্রের নমুনা দুর্নীতি দমন কমিশনের ওয়েবসাইট www.acc.org.bd-এ পাওয়া যাবে।
- ২। আবেদনপত্র সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১ সেগুনবাগিচা, ঢাকা বরাবর ২০ আগস্ট, ২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। আবেদনপত্র অবশ্যই ডাকযোগে পাঠাতে হবে। কুরিয়ার সার্ভিস এবং হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গৃহীত হবে না।
- ৩। আবেদনকারীর বয়স ২০ জুন, ২০১৭ তারিখ সর্বনিম্ন ১৮ বৎসর এবং অনূর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীদের ক্ষেত্রে বয়স ০২ (দুই) বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- ৪। আবেদনকারীগণ সচিব, দুর্নীতি দমন কমিশন-এর অনকুলে 'পরীক্ষার ফি' বাবদ ১০০/- টাকা ট্রেজারি চালানোর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক ট্রেজারি শাখার হিসাব কোড নং ১-৬৭০১-০০০১-২০৩১ এ জমা প্রদান করে চালানোর মূলকপি আবেদনের সাথে জমা দিতে হবে।
- ৫। প্রার্থীকে আবেদনপত্রের সাথে শুধুমাত্র ট্রেজারি চালানোর মূলকপি ও নমুনা প্রবেশপত্র যথাযথভাবে পূরণ করে সংযুক্ত করতে হবে। এছাড়া অন্য কোন কাগজপত্র প্রেরণের প্রয়োজন নেই।
- ৬। দুর্নীতি দমন কমিশনের ২৯/০৫/২০১৭ তারিখের দুদক/১৪-২০১৫/বিবিধ/সংস্থাপন/১৭১৫৯ নং স্মারকের পরিপ্রেক্ষিতে গাড়ীচালক পদে আবেদনকৃতদের মধ্যে যাদের হালকা এবং ভারী গাড়ী চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স আছে, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তবে যারা হালকা এবং ভারী গাড়ী চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে পারবেন না, তাদের প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখ: ২০ আগস্ট, ২০১৭

সচিব
দুর্নীতি দমন কমিশন